অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: *গভর্নর হোকল ক্যাপিটাল রিজিয়নে আইন শৃঙ্খলা রক্ষার টেকনোলজির জন্য 10.1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করাকে তুলে ধরলেন*

127 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল পুরো স্টেটের স্থানীয় পুলিশ ডিপার্টমেন্টগুলিকে অপারেশন আধুনিক করতে, অফিসারদের নিরাপত্তা বাড়াতে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিতে দেয়

ইস্ট গ্রিনবুশ পুলিশ নতুন ডিস্প্যাচ কনসোল, নাইট ভিশন গগলস এবং অন্যান্য সরঞ্জামের জন্য প্রায় 400,000 বিনিয়োগ করেছে

জননিরাপত্তার বিনিয়োগ ফলাফল দিচ্ছে এবং পুরো ক্যাপিটাল রিজিয়নে গান ভায়োলেন্স উল্লেখজনকভাবে কমে গেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ইস্ট গ্রিনবুশ পুলিশ ডিপার্টমেন্ট (East Greenbush Police Department) ভিজিট করে স্টেটের 10.1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ তুলে ধরেছেন যা পুরো ক্যাপিটাল রিজিয়নে (Capital Region) আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির টেকনোলজি এবং সরঞ্জামের উন্নয়ন করছে। গত বছর বিতরণ করা তহবিল স্থানীয় পুলিশ ডিপার্টমেন্টগুলিকে অপারেশন আধুনিক করতে, অফিসারের নিরাপত্তা বাড়াতে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিতে দেয়।

"আমার শীর্ষ অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা। সেজন্য আমি পুরো স্টেটে স্থানীয় পুলিশ ডিপার্টমেন্টের জন্য 127 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করেছি, এই তহবিল বাস্তব ফলাফল দিচ্ছে এবং স্থানীয় কমিউনিটিতে অপরাধ কমাতে সাহায্য করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদের সাথে একসাথে আমরা নিশ্চিত করতে থাকবো যাতে অফিসারদের কাছে সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটকে (New York State, NYS) আরো নিরাপদ করার জন্য যথাযথ সরঞ্জাম এবং ট্রেনিং থাকে।"

ইস্ট গ্রিনবুশ পুলিশ ডিপার্টমেন্ট প্রায় 400,000 মার্কিন ডলার পেয়েছে, যা ইতিমধ্যে একটি নতুন ড্রোন, ডিস্প্যাচ সেন্টার কনসোল, নাইট ভিশন গগলস, পোর্টেবল রেডিও এবং অন্যান্য অতি প্রয়োজনীয় কেনাকাটা করার জন্য তহবিল হিসেবে ব্যবহার করা হয়েছে। স্কেনেকট্যাডি পুলিশ ডিপার্টমেন্ট (Schenectady Police Department) প্রায় 1.6 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, সারাটোগা স্প্রিংস পুলিশ ডিপার্টমেন্ট (Saratoga Springs Police Department) প্রায় 1.1

মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, এবং বেথলেহেম টাউনের পুলিশ ডিপার্টমেন্ট (Town of Bethlehem Police Department) প্রায় 750,000 মার্কিন ডলার পেয়েছে। এই তহবিলটি এমন সময়ে এসেছে যখন ক্যাপিটাল রিজিয়ন জননিরাপত্তার জরুরি প্রস্তুতির জন্য ফেডারেল সরকার থেকে প্রায় 1 মিলিয়ন মার্কিন ডলার তহবিল হারাতে চলেছে।

ক্যাপিটাল রিজিয়নের অন্যান্য এজেন্সিগুলিও অপারেশন জোরদার করতে, তদন্তের সক্ষমতা বাড়াতে এবং সরঞ্জাম আধুনিক করাকে সমর্থন করতে সমর্থন পেয়েছে। পুরো স্টেটে আইন শৃঙ্খলা রক্ষাকারী টেকনোলজির জন্য কে কত তহবিল পেয়েছে তা অনলাইনে পাওয়া যাবে।

গভর্নর এছাড়াও Gun Involved Violence Elimination (GIVE) উদ্যোগের সর্বশেষ পরিসংখ্যান তুলে ধরেছেন, যা 21টি কাউন্টিতে অপরাধ কম করার চেষ্টার সমন্বয়কে সমর্থন করেছে। ক্যাপিটাল রিজিয়নের তিনটি GIVE জুরিসডিকশন, অ্যালবানি (Albany), স্কেনেকট্যাডি (Schenectady) এবং ট্রয়ে (Troy) এই বছর গান ভায়োলেন্স উল্লেখযোগ্যভাবে কমতে দেখা গেছে। 2024 সালের একই সময়ের তুলনায়, কেউ আহত হয়েছেন এমন গুলির ঘটনা 45 শতাংশ কমেছে এবং গুলির ঘটনায় ভিকটিমের সংখ্যা 43 শতাংশ কমেছে।

GIVE প্রোগ্রামের সহযোগিতামূলক ব্যবস্থা সিটির সীমানার বাইরেও কাজ করে, ডেটা শেয়ার করা, যৌথ তদন্ত এবং রিসোর্স ভাগ করার মাধ্যমে আশেপাশের কমিউনিটিগুলিতে আরো নিরাপদ ফলাফলকে সমর্থন করে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services) কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "টেকনোলজিতে গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগ আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির মধ্যে সহযোগিতাকে জোরদার করছে এবং আরো নিরাপদ এলাকা তৈরি করছে। অফিসারদেরকে তাদের প্রয়োজনীয় সরঞ্জাম ও সমর্থন দেওয়ার মাধ্যমে আমরা পুরো ক্যাপিটাল রিজিয়ন এবং নিউ ইয়র্ক স্টেটে আরো শক্তিশালী পার্টনারশিপ এবং আরো কার্যকর জননিরাপত্তা কৌশল গঠন করছি।"

ইস্ট গ্রিনবুশের চীফ অফ পুলিশ Elaine M. Rudzinski (এলাইন এম রুডজিনস্কি) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) অতি প্রয়োজনীয় আর্থিক সমর্থন আমাদের ডিপার্টমেন্টে অতি প্রয়োজনীয় সরঞ্জামের উন্নয়নের মাধ্যমে অফিসারদের নিরাপত্তা এবং অপারেশনের প্রস্তুতি উল্লেখযোগ্যভাবে উন্নত করেছে। আমাদের অফিসাররা যাতে আমাদের কমিউনিটিতে নিরাপদে এবং কার্যকরভাবে তাদের দায়িত্ব পালন করতে পারে তার জন্য সাহায্য করার প্রয়োজনীয় সরঞ্জাম আমাদের কাছে থাকা নিশ্চিত করতে গভর্নরের প্রতিশ্রুতির জন্য আমরা অনেক কৃতজ্ঞ।"

রেনসেলার (Rensselaer) কাউন্টির ডিসট্রিক্ট অ্যাটর্নি Mary Pat Donnelly (ম্যারি প্যাট ডোনোলি) বলেন, "জননিরাপত্তার প্রতি গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির জন্য আমি অনেক কৃতজ্ঞ। যে তহবিল দেওয়া হয়েছে তা অতি প্রয়োজনীয় কারণ আইন শৃঙ্খল রক্ষাকারীরা যেসব সমস্যার মুখোমুখি হন তা প্রতিদিন বাড়ছে।"

অ্যাসেম্বলির সদস্য John T. McDonald III (জন টি ম্যাকডোনাল্ড দ্য থার্ড), RPh, বলেন, "NYS বাজেটে উন্নত আইন শৃঙ্খলা রক্ষাকারী টেকনোলজির জন্য তহবিলকে আমি গর্বের সাথে সমর্থন করেছি এবং আমি এটি দেখে খুশি যে এই বিনিয়োগ সরাসরি ইস্ট গ্রিনবুশ পুলিশ ডিপার্টমেন্ট এবং আমাদের অন্যান্য ক্যাপিটাল রিজিয়ন কমিউনিটিতে দেওয়া হয়েছে। আমাদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের টেকনোলজির ক্ষমতা বাড়ানো হলে তা তাদেরকে আরো দ্রুত অপরাধ সনাক্ত করতে এবং সমাধান করতে দেয় যার ফলে সকলের জন্য জননিরাপত্তা বাড়ে এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অফিসারদেরকে তাদের দায়িত্বে সাহায্য করা যায়। GIVE প্রোগ্রামের মতো সফল প্রোগ্রাম এবং র্যাঙ্ক বাড়াতে সাহায্য করার জন্য পুলিশ অফিসার নিয়োগ দেওয়ার বয়স বাড়াতে এই বছরের বাজেটের উদ্যোগের সাথে মিলিত হয়ে কাজ করছে তাই এটি কোনো অবাক ব্যাপার না যে আমরা আমাদের পুরো অঞ্চল এবং স্টেটে অপরাধের পরিসংখ্যানে উল্লেখযোগ্য কমা দেখছি। এইসব চেষ্টাকে সমর্থন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ, এবং আমরা আমাদের কমিউনিটিকে সুরক্ষা দেওয়ার এইসব গুরুত্বপূর্ণ চেষ্টায় বিনিয়োগ করতে থাকবো।"

ইস্ট গ্রিনবুশ টাউনের সুপারভাইজার Jack Conway (হ্যাক কনওয়ে) বলেন, "আইন শৃঙ্খলা রক্ষাকারী টেকনোলজি অনুদানের জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানানোর জন্য তাকে আমন্ত্রণ জানাতে পেরে আমরা সম্মানিত হয়েছি, অনুদানটি আমাদেরকে সেবা দেওয়ার গুরুত্বপূর্ণ দিক আধুনিক করতে এবং আমাদের কমিউনিটিকে আরো নিরাপদ করতে সাহায্য করেছে। সরকার যখন এর অতি প্রয়োজনীয় মিশন পূরণ করতে কার্যকরভাবে কাজ করে তখন তা তা এরকমই হয়ে থাকে।"

গভর্নর এছাড়াও ক্যাপিটাল রিজিয়ন ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের (Capital Region Crime Analysis Center) ভূমিকার কথা বলেছেন, যা এই বছর এখন পর্যন্ত 10,000-এর বেশি সেবার অনুরোধ সামাল দিয়েছে, যার মধ্যে ইস্ট গ্রিনবুশ পুলিশ ডিপার্টমেন্টের 83টি অনুরোধ আছে। সেন্টারের সমর্থন হারিয়ে যাওয়া দুর্বল প্রাপ্তবয়স্কদের খুঁজে বের করা থেকে শুরু করে মাল্টি-জুরিসডিকশনাল প্রতারণার সাথে জড়িত সন্দেহভাজনদের সঙ্কট করা পর্যন্ত অনেক ধরণের কেসের সমাধান করতে সাহায্য করেছে, দেখিয়েছে যে কীভাবে টেকনোলজি এবং সহযোগিতা তদন্তকে জোরদার করে এবং কমিউনিটিগুলিকে নিরাপদ রাখে।

ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর পাশ করা বাজেটে গান ভায়োলেন্স প্রতিরোধের প্রোগ্রামগুলির জন্য গভর্নর Hochul-এর (হোকল) নিশ্চিত করা নজিরবিহীন 347 মিলিয়ন মার্কিন ডলার তহবিল বহাল রাখা হয়েছে, যার মধ্যে GIVE আছে, এবং এটি জননিরাপত্তা উন্নত করা, অপরাধের ভিকটিম ও সার্ভাইভারদের জন্য সমর্থন বাড়ানো এবং কমিউনিটিকে জোরদার করার জন্য আরো অন্যান্য উদ্যোগকে সমর্থন করে।

অপরাধমূলক ন্যায়বিচার সেবা বিভাগ স্টেটের অপরাধ ন্যায়বিচারের ব্যবস্থার সকল দিকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে, যার মধ্যে আইন প্রয়োগকারী এবং অন্যান্য অপরাধমূলক ন্যায়বিচারের পেশাদারদের প্রশিক্ষণ প্রদান; একটি আইন প্রয়োগকারী স্বীকৃতি কর্মসূচির তত্ত্বাবধান; স্থানীয় আইন প্রয়োগকারীরা ব্রেথালাইজার এবং গতিসীমা প্রয়োগের সরঞ্জাম সঠিকভাবে ব্যবহার করছে কিনা তার নিশ্চিতকরণ; অপরাধমূলক ন্যায়বিচারের অনুদানের

তহবিল ব্যবস্থাপনা; স্টেটব্যাপী অপরাধ ও প্রোগ্রাম ডেটা বিশ্লেষণ; কাউন্টির প্রোবেশন বিভাগসমূহ এবং কারাগারের বিকল্প কর্মসূচির তত্ত্বাবধান; এবং কমবয়সীদের ন্যায়বিচার পলিসি সমন্বয় করা অন্তর্ভুক্ত, কিন্তু তা এইসবে সীমাবদ্ধ নয়। DCJS-কে Facebook, Instagram, LinkedIn, এবং X (আগের নাম Twitter)-এ ফল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন